ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৬৪
কুমারঘাট, ২৫ এপ্রিল, ২০২৫

**ঊনকোটি জেলাভিত্তিক জাতীয়**
**পঞ্চায়েতীরাজ দিবস কুমারঘাটে উদযাপিত**

ঊনকোটি জেলাভিত্তিক জাতীয় পঞ্চায়েতীরাজ দিবস ২০২৫ আজ কুমারঘাট পঞ্চায়েতীরাজ ট্রেইনিং ইনস্টিটিউটে উদযাপিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক ভগবান চন্দ্র দাস বলেন, ত্রি-স্তরীয় পঞ্চায়েতের উন্নয়নের জন্য গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদের কাজের ধারার মধ্যে সমন্বয় থাকতে হবে। এজন্য জনপ্রতিনিধিদের বিশেষ ভূমিকা নিতে হবে। তিনি বলেন, এখন স্বচ্ছতা বজায় রেখে সুবিধাভোগী নির্বাচন করা হয়। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শিতার ফলে ভারতে পঞ্চায়েতীস্তরে দুর্নীতি মুক্ত করা গেছে। সুবিধাভোগীদের এখন ডিবিটি'র মাধ্যমে বিভিন্ন প্রকল্পের টাকা গ্রামের সুবিধাভোগীদের নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্টের মাধ্যমে প্রেরণ করা হয়। গ্রামস্তরের জনপ্রতিনিধিদের কেন্দ্র ও রাজ্য সরকারের প্রকল্পগুলো বেশি মাত্রায় মানুষের কাছে পৌঁছে দিতে বিশেষ উদ্যোগ নিতে হবে।

অনুষ্ঠানে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস বলেন, অগ্রাধিকারের ভিত্তিতে উন্নয়নমূলক কাজের পরিকল্পনা গ্রহণ করতে হবে। তিনি বলেন, ত্রি-স্তর পঞ্চায়েত ব্যবস্থায় উন্নয়নমূলক কাজের ক্ষেত্রে ত্রিপুরা উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। ত্রিপুরার বিভিন্ন পঞ্চায়েত ৭টি বিষয়ে জাতীয়স্তরে পুরস্কার পেয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঊনকোটি জিলা পরিষদের সহকারি সভাধিপতি সন্তোষ ধর। স্বাগত বক্তব্য রাখেন অতিরিক্ত জেলাশাসক অর্ঘ্য সাহা। উপস্থিত ছিলেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস পাল, কুমারঘাট বিএসি'র চেয়ারম্যান তপনজয় রিয়াং, জিলা পরিষদের সদস্য বিমল কর, জেলা পঞ্চায়েত আধিকারিক ডেভিড হালাম প্রমুখ। জেলাভিত্তিক জাতীয় পঞ্চায়েতীরাজ দিবস অনুষ্ঠানে ঊনকোটি জেলায় ৯টি পঞ্চায়েতকে ৯টি থিমে কাজের পারদর্শিতার জন্য পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানের শুরুতে কুমারঘাট ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণি বিদ্যালয় থেকে ছাত্রছাত্রীদের একটি শোভাযাত্রা বিভিন্ন পথ পরিক্রমা করে কুমারঘাট পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে মূল অনুষ্ঠানে সামিল হয়। অনুষ্ঠানে সম্প্রতি কাশ্মীরের পহেলগাও-এ সন্ত্রাসবাদীদের গুলিতে নিহতদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে ২ মিনিট নীরবতা পালন করা হয়।

******